**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০৪.০০৮.২০২২-২০৪

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১৪ জুন ২০২৩

বিষয় : স্থানীয় সরকার বিভাগেরে এপ্রিল, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের এপ্রিল, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভা ৩০ মে ২০২৩ তারিখে এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

১৪/৬/২৩

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ;
২। যুগ্মসচিব/পরিচালক (যুগ্মসচিব) (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৫। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি:
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

বিষয় : স্থানীয় সরকার বিভাগের এপ্রিল, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহম্মদ ইব্‌রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ

তারিখ : ৩০/০৫/২০২৩ খ্রিস্টাব্দ

স্থান : স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি : পরিশিষ্ট 'ক' ।

সভাপতি মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীকে আন্তরিকতা সততা ও নিষ্ঠার সাথে কাজের গতি বৃদ্ধির আহ্বান জানান। একইসাথে সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি এবং অবস্থানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) -কে সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | **<u>বিগত সভার কার্যবিবরণী</u>** :<br><br>সভায় উপস্থাপিত ফেব্রুয়ারি, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য রয়েছে কি না জানতে চাওয়া হয়। উপস্থিত সকলে জানান যে, কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে। | ফেব্রুয়ারি, ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন করা হলো। | সমন্বয় ও কাউন্সিল শাখা |
| ২.২ | **ডিজিটাল হাজিরা প্রবর্তন:**<br>সভায় যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থার ন্যায় ডিজিটাল হাজিরা পুনরায় চালু করার উপর গুরুত্বারোপ করা হয়। | ০১ জুন, ২০২৩ তারিখ হতে ডিজিটাল হাজিরা শুরু করতে হবে। | প্রশাসন-২ শাখা |
| ২.৩ | **<u>মামলা সংক্রান্ত :</u>**<br><br>১) স্থানীয় সরকার বিভাগের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি ও ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে মামলার এসএফ সংগ্রহসহ বিস্তারিত বিষয়ে আলোচনা হয়। সভায় অধিকতর গুরুত্বপূর্ণ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় সাধন করা যেতে পারে মর্মেও অভিমত ব্যক্ত করা হয়। সভাকে অবহিত করা হয় যে, প্রতি দুই মাসে মামলা সংক্রান্ত সভা আহবান অব্যাহত রয়েছে। ১৮/০৪/২০২৩ তারিখে এ সংক্রান্ত একটি সভা করা হয়েছে। | ১) প্রতি দুই মাসে মামলা সংক্রান্ত একটি সভা আহ্বান অব্যাহত রাখতে হবে।<br><br>২) মামলার ডাটাবেজ হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আইন অধিশাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ২) স্থানীয় সরকার বিভাগের মামলাসমূহের ডাটাবেজ হালনাগাদ করার কাজ অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | | |
| ২.৪ | <u>অর্থছাড় ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা</u>:<br><br>১। সভাপতি বলেন যে, অর্থ বিভাগের নির্দেশনা প্রতিপালনপূর্বক অর্থবছরের বাজেট বরাদ্দ অনুসারে বিভিন্ন দপ্তর/সংস্থার অনুকূলে নির্ধারিত সময়ের মধ্যেই অর্থছাড় করার আবশ্যকতা রয়েছে।<br>সভাকে অবহিত করা হয় যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি'র বরাদ্দ অনুসারে ইতোমধ্যে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে 'পরিচালন' ও 'মূলধন' খাতের ১ম-৪র্থ কিস্তির অর্থছাড় সংক্রান্ত কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এডিপি'র অর্থ ছাড়ের জন্য নির্ধারিত শর্ত পূরণ না হওয়ার কারণে ২/১টি উপখাতে অর্থ ছাড়ের বিষয়টি এ বিভাগের বিবেচনাধীন রয়েছে। এছাড়া, 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী উপ-খাতে' অর্থছাড়ের ক্ষেত্রে সমন্বয় সাধনের উপর বিশেষ গুরুত্ব প্রদানক্রমে অর্থছাড় চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থছাড় করা হবে। | ১) অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল দপ্তর ও সংস্থার অনুকূলে পরিচালন ও উন্নয়ন খাতের অর্থ নির্ধারিত সময়ের মধ্যে ছাড় নিশ্চিত করতে হবে।<br><br>২) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী উপ-খাতে' অর্থছাড়ের ক্ষেত্রে সমন্বয় সাধনের ওপর বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা |
| | ২) সভাকে অবহিত করা হয় যে, 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী ২৭.০০ কোটি টাকা কোভিড-১৯ ও ডেঙ্গু খাতে ছাড় করা হয়নি। ডিডিএলজি এবং ডিএলজিগণের চাহিদা অনুযায়ী এ বিভাগের অব্যয়িত অর্থ ব্যয়ের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী উপ-খাতে' অর্থছাড়ের ক্ষেত্রে সমন্বয় সাধন কার্যক্রম চলমান রয়েছে। | ৩) ডিডিএলজি এবং ডিএলজিগণের চাহিদা অনুযায়ী এ বিভাগের অব্যয়িত অর্থ ব্যয়ে সম্মতি প্রদানের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | সংশ্লিষ্ট সকল শাখা/অধি শাখা |
| ২.৫ | <u>**অনলাইনে পরিদর্শন কার্যক্রম:**</u><br>১) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুশাসনের আলোকে স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে Web based Monitoring System (MIS) প্রবর্তন করা হয়েছে। ইতোমধ্যে প্রবর্তিত MIS এ তথ্য ইনপুট করা হয়েছে। MIS এ বিভিন্ন প্রকল্পের তথ্য হালনাগাদ করার বিষয়টি তদারকির জন্য এ বিভাগের বিভিন্ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সভাকে আরো অবহিত করা হয় যে, সকল উন্নয়ন প্রকল্পের তথ্য MIS এ হালনাগাদ করা থাকলে উহা অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয় সাধনে এবং মাসিক/ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রণয়নে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে। সংস্থাভিত্তিক প্রকল্পের তথ্য সফটওয়্যারে আপলোড করে হালনাগাদকরণের জন্য ইতোমধ্যে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের সকল ডিএলজি এবং ডিডিএলজি, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই | ১) Web based Monitoring System (MIS) এর মাধ্যমে উন্নয়ন প্রকল্পসমূহের মনিটরিং জোরদার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২) সংস্থাভিত্তিক প্রকল্পের তথ্য হালনাগাদ করে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে। | মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর ID Password সরবরাহ করা হয়েছে। সরবরাহকৃত ID Password ব্যবহার করে সংস্থা ভিত্তিক প্রকল্পের তথ্য নিয়মিত আপলোড করার বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। | | |
| | ২) সভাকে আরো অবহিত করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রকল্পসমূহের অবস্থান (জিওকোড) ও ছবি Online Monitoring Application Software (http://pmc.pmo. gov.bd/v2/) এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল শাখা এবং দপ্তর/সংস্থাকে অনুরোধ জানানো সত্তেও সন্তোষজনক সাড়া না পাওয়ায় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে মৌখিক তাগিদ পাওয়া যাচ্ছে। কাজেই এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা/অধিশাখা হতে তাগিদ প্রদান করা প্রয়োজন। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রকল্পসমূহের অবস্থান (জিওকোড) ও ছবি Online Monitoring Application Software(http:// pmc.pmo.gov.bd/v2 /) এ আপলোড সংক্রান্ত কার্যক্রম ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/অধিশাখা |
| ২.৬ | **যানবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত** :<br><br>১) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অকেজো যানবাহনসমূহ অফিস প্রাঙ্গন কিংবা অন্যত্র ফেলে না রেখে যথাশীঘ্র সরকারি বিধি-বিধান প্রতিপালনপূর্বক কনডেম ঘোষণা এবং উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর যানবাহনসমূহের ডাটাবেইজ প্রস্তুত ও সরকারি পরিবহন পুলে জমা প্রদানের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। সিটি কর্পোরেশনসমূহের অকেজো/ব্যবহার অযোগ্য যানবাহনসমূহ কনডেম ঘোষণা ও নিষ্পত্তিকরণের লক্ষ্যে এ বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) এর নেতৃত্বে ০৮(আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি রয়েছে। এছাড়া, সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহন প্রকল্প সমাপ্তি শেষে বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তরসহ যাবতীয় সম্পদের তথ্য এ বিভাগে প্রেরণের জন্য সকল সিটি কর্পোরেশনকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাকে অবহিত করা হয় যে বর্তমানে সিটি কর্পোরেশনসমূহের ২৭৮টি যানবাহন অকেজো ঘোষণার প্রস্তাব রয়েছে। এ সকল যানবাহন অকেজো ঘোষণার ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনের ওপর গুরুত্বারোপ করা হয়।<br><br>২) স্থানীয় সরকার বিভাগের ১৪/০৩/২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৬-০৪ সংখ্যক পত্র মোতাবেক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সমাপ্ত প্রকল্পের যানবাহন, যন্ত্রপাতি, আসবাবপত্র ও অন্যান্য দ্রব্যাদির ডাটাবেস প্রস্তুত করার জন্য কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ইতোমধ্যে তথ্য চাওয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১) স্থানীয় সরকার বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থার পুরাতন এবং অব্যবহৃত গাড়ির তথ্য সংগ্রহ করে গাড়িসমূহ কনডেম ঘোষণা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২) সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহনসমূহের তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেইজ প্রস্তুতের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৩) কমিটি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।<br><br>৪) উন্নয়ন প্রকল্পের যানবাহন যথাসময়ে জমা প্রদান বিষয়ে প্রতি ২ (দুই) মাস অন্তর অন্তর এ বিভাগের প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে পত্র মারফত অনুরোধ জানাতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা/ অনুবিভাগ<br><br>প্রশাসন-১ শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৭ | **<u>সাংগঠনিক অবকাঠামো:</u>**<br>সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামো ও কর্মবন্টন হালনাগাদ করার লক্ষ্যে গঠিত কমিটির সভায় এ বিভাগের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ২৫৬টি পদের অতিরিক্ত আরো ১০৬টি নতুন পদ সৃজনের সুপারিশ সংবলিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে বিভিন্ন ক্যাটাগরির ১৩(তের)টি ক্যাডার পদ স্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের জন্য সম্মতি জ্ঞাপন করা হয়।<br><br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩(তের)টি ক্যাডার পদে সম্মতির প্রেক্ষিতে ৮টি ক্যাডার পদ এবং ২২ (বাইশ)টি ক্যাডার বহির্ভূত পদ অর্থাৎ সর্বমোট ৩০ (ত্রিশ)টি পদ (৯৩-৬৩) (অনুবিভাগ-১টি, অধিশাখা-১টি ও শাখা-৬টি) কম সৃজিত হবে। এ জন্য প্রস্তাবটি পুনঃবিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। ইতোমধ্যে অর্থ বিভাগ হতে ৪টি পদ সৃজনের সম্মতি পাওয়া গিয়েছে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে কার্যক্রম চলমান রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ৪টি পদের চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর ১৭টি (১৩+৪) পদ স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামোতে সংযুক্ত করার কার্যক্রম গ্রহণ করা হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয় হতে আরও ৪টি পদের অনুমোদন পাওয়ার পর এ বিভাগের সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| ২.৮ | **<u>ই-নথি</u>**<br>সভাকে অবহিত করা হয় যে, এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী এ বিভাগের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখায় ই-নথি নিষ্পত্তি কার্যক্রম বৃদ্ধি করা জরুরি হয়ে পড়েছে। সকল পত্র স্থানীয় সরকার বিভাগের গ্রহণ ও প্রেরণ শাখায় এন্ট্রির মাধ্যমে প্রাপকের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া, স্থানীয় সরকার বিভাগের সকল শাখা ও অধিশাখায় ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে। | সকল শাখা/ অধিশাখায় ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে ও নথিতে উপস্থাপন এবং নিষ্পত্তির সংখ্যা আরো বাড়াতে হবে। | সকল শাখা/ অধিশাখা/ অনুবিভাগ |
| ২.৯ | **<u>অভিযোগ নিষ্পত্তি:</u>**<br>সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার বিভাগের আওতায় গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা এবং শহর ও নগর এলাকার যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নয়ন, বিশুদ্ধ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি কার্যাদি সম্পাদন করে আসছে। এ সকল কাজের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং স্থানীয় জনপ্রতিনিধিগণের গুরুত্ব অপরিসীম। মাঠ পর্যায়ে উন্নয়ন কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং জনপ্রতিনিধিগণের বিরুদ্ধে প্রায়:শই মিথ্যা ও বেনামী অভিযোগ পাওয়া যাচ্ছে যা প্রাথমিক যাচাই-বাছাই ছাড়া নথিতে উপস্থাপন করা হলে উন্নয়ন কাজ বাধাগ্রস্থ হতে পারে। এছাড়া, সভায় স্থানীয় সরকার বিভাগে প্রাপ্ত অভিযোগসমূহ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অনুসারে | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অনুসারে অনলাইনে অভিযোগ নিষ্পত্তি অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করা হয়। উল্লেখ্য, GRS এ login করে অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |
| ২.১০ | **বিবিধ :**<br>ক) সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার বিভাগ হতে বিভিন্ন ক্রয় প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হয় যা অত্যন্ত দক্ষতার সাথে নির্ভুলভাবে প্রেরণ করা প্রয়োজন। সে লক্ষ্যে সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য জুন, ২০২৩ মাসের ১ম সপ্তাহে ১ (এক) দিনের প্রশিক্ষণ আয়োজন করা হবে। | দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষকের মাধ্যমে সরকারি ক্রয় ব্যবস্থাপনা ও ক্রয় প্রস্তাব প্রস্তুত সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | খ) সভায় উল্লেখ করা হয় যে, জনস্বার্থে সরকারি সম্পদ ব্যবহারে অধিকতর কৃচ্ছতা সাধনের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। পরিশেষে সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিদ্যমান বিধি-বিধান ও নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য পুনরায় স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তাগণের বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়:<br>১) পত্র প্রাপ্তির পর যথা নিয়মে রেজিস্টারে এন্ট্রির পর সচিবালয় নির্দেশমালা, ২০1৪ অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;<br>২) নথি উপস্থাপনের ক্ষেত্রে দ্বৈততা পরিহার এবং অহেতুক বিলম্ব না করে যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট নথি প্রেরণ নিশ্চিতকরণ;<br>৩) ই-নথিতে বিবেচ্যপত্র, সংশ্লিষ্ট বিধি-বিধান এবং সংযুক্তি পতাকা দ্বারা চিহ্নিত করা;<br>৪) জনস্বার্থে সরকারি সম্পদ ব্যবহারে অধিকতর কৃচ্ছতা সাধন এবং বিদ্যুৎ, গ্যাস ও জ্বালানিসহ সরকারি যানবাহন ব্যবহারের ক্ষেত্রে বিশেষ নজর রাখা;<br>৫) উন্নয়ন প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন নির্দেশিকা, উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সম্পাদিত চুক্তি এবং ডিপিপি ও পিপি যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে গৃহীত উন্নয়ন কার্যক্রম সম্পাদন করা। | ক্রমিক ১-৫ বর্ণিত নির্দেশাবলী সকল কর্মকর্তা/ কর্মচারী যথাযথভাবে পালন করবেন। | কর্মকর্তা/ কর্মচারী (সকল) ও সংশ্লিষ্ট শাখা |

০৩। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৫/২৩

মুহম্মদ ইব্‌রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ